বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.১১৯

## সার্কুলার

**বিষয়: "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫" (পিপিআর-২০২৫) মোতাবেক ভেরিয়েশন প্রতিপাদন কমিটি (Variation Assessment Committee) গঠন প্রসঙ্গে।**

পিপিআর-২০২৫ এর বিধি-১৫ মোতাবেক ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত সরবরাহ আদেশ প্রক্রিয়াকরণে চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ভেরিয়েশন মূল্য বা অতিরিক্ত সরবরাহ আদেশ সংশ্লিষ্ট মূল্যের যথার্থতা প্রতিপাদনের নিমিত্ত "ভেরিয়েশন প্রতিপাদন কমিটি" গঠনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

**১। ভেরিয়েশন অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের উর্ধ্বতন কোনো কর্তৃপক্ষ (মন্ত্রণালয়/সিসিজিপি) হলেঃ**

| ক্রমিক নং | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি |
|---|---|
| ১ | সংশ্লিষ্ট ডিজাইন সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রযোজ্য ক্ষেত্রে বাপাউবো'র অন্য দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ২ | ক্রয়কারীর দপ্তরের সংশ্লিষ্ট জেলার যেকোনো প্রকৌশল সংস্থার প্রকৌশলী (গ্রেড-৬ বা তদুর্ধ্ব) |
| ৩ | বাপাউবো'র অন্য দপ্তরের নির্বাহী প্রকৌশলী |

**২। ভেরিয়েশন অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধান (HoPE) হলেঃ**

| ক্রমিক নং | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি |
|---|---|
| ১ | বাপাউবো'র অন্য দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| ২ | ক্রয়কারীর দপ্তরের সংশ্লিষ্ট জেলার যেকোনো প্রকৌশল সংস্থার প্রকৌশলী (গ্রেড-৬) |
| ৩ | সংশ্লিষ্ট ডিজাইন সার্কেলের নির্বাহী প্রকৌশলী/ অন্য দপ্তরের নির্বাহী প্রকৌশলী |

**৩। ভেরিয়েশন অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের (HoPE) নিম্ন পদমর্যাদার কোনো কর্তৃপক্ষ হলেঃ**

| ক্রমিক নং | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি |
|---|---|
| ১ | বাপাউবো'র অন্য দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী |
| ২ | ক্রয়কারীর দপ্তরের সংশ্লিষ্ট জেলার যেকোনো প্রকৌশল সংস্থার প্রকৌশলী (গ্রেড-৬) |
| ৩ | সংশ্লিষ্ট ডিজাইন সার্কেলের নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী বা অন্য দপ্তরের নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী |

৪। বুদ্ধিভিত্তিক ও পেশাগত সেবা এর ক্ষেত্রে বা বিশেষ কোনো ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০২৫ এর বিধি-১৫ মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় বর্হিভূত সংস্থার একজন প্রতিনিধি অর্ন্তভুক্ত করে ০৩ সদস্য বিশিষ্ট ভেরিয়েশন প্রতিপাদন কমিটি গঠন করতে হবে।

৫। ক্রয়কারী ভেরিয়েশন/ অতিরিক্ত সরবরাহ প্রস্তাবনা প্রস্তুত পূর্বক অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করবেন। অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধান (HoPE) বা ক্রয়কারী কার্যালয় উর্ধ্বতন কোনো কর্তৃপক্ষ (সিসিজিপি/মন্ত্রণালয়) হলে, পিপিআর-২০২৫ এর বিধি-১৫ মোতাবেক ক্রয়কারী কার্যালয় প্রধান (HoPE) হিসেবে মহাপরিচালক, বাপাউবো মহোদয় ভেরিয়েশন প্রতিপাদন কমিটি গঠন করবেন এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ ক্রয়কারী কার্যালয় প্রধানের (HoPE) নিম্ন পদমর্যাদার কোনো কর্তৃপক্ষ হলে সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষ ভেরিয়েশন প্রতিপাদন কমিটি গঠন করবেন।

৬। পিপিআর-২০২৫ এর বিধি-৫০(২০) মোতাবেক ভেরিয়েশন প্রতিপাদন কমিটি ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ভেরিয়েশন অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করবে।

৭। পিপিআর-২০২৫ এর বিধি-৫০(২১) এ এর উল্লিখিত সময়সীমার মধ্যে ভেরিয়েশন বা অতিরিক্ত সরবরাহ আদেশ প্রস্তাবনা প্রক্রিয়াকরণ হতে

অনুমোদনের  আবশ্যকতা রয়েছে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট সকলকে পিপিআর-২০২৫ এর বিধি-৫০(২১) এ উল্লেখিত সময়সীমার মধ্যে ভেরিয়েশন বা অতিরিক্ত সরবরাহ প্রস্তাবনা অনুমোদনের নিমিত্ত যথাসম্ভব দ্রুত নথি উর্ধ্বগামী করার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।

৮। ভেরিয়েশন প্রতিপাদন কমিটিতে বহিঃসদস্য অর্ন্তভূক্তির জন্য ক্রয়কারীকে (প্রযোজ্য ক্ষেত্রে) তার সংশ্লিষ্ট জেলার কমপক্ষে ২(দুই)টি প্রকৌশল সংস্থা হতে  কমপক্ষে ০২ (দুই) জন সদস্য মনোনয়ন নিয়ে  রাখতে হবে।

৯। মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

০৪-১১-২০২৫
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
০২২২২২৩০০১৫
se.cpc.bwdb@gmail.com

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা, ................................................, বাপাউবো।
২। প্রকল্প পরিচালক (সকল), ................................................, বাপাউবো।
৩। সিএসও টু মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পনগ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।

০৫-১১-২০২৫
সৌরভ কুমার দাস
নির্বাহী প্রকৌশলী (পুর)